

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৭.০২.০৫০.২১.৪৩৫

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা রাজশাহী জেলা ও মহানগরীর সম্মানিত বৈধ আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক-৪ শাখার নির্দেশক্রমে সারা দেশের ন্যায় রাজশাহী জেলায় জেলা ম্যাজিস্ট্রেসি, রাজশাহী কর্তৃক সৃজিত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণের ডাটা Digital Arms Management Software (DAMS)-এ এন্ট্রির কার্যক্রম ০১ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ হতে ১৫ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। উক্ত ডাটা এন্ট্রি সফলভাবে সম্পন্ন করতে সকল লাইসেন্সধারীকে তাঁর লাইসেন্সের ফটোকপি, একটি পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মোবাইল নম্বর এবং লাইসেন্সধারীর স্বাক্ষর জেলা প্রশাসকের কার্যালয়ের জুডিসিয়াল মুন্সিখানা শাখায় জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত সময়ের মধ্যে আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণ তথ্য এ কার্যালয়ে জমা দিতে ব্যর্থ হলে তথ্য ডিজিটাল আর্মস ম্যানেজমেন্ট সিস্টেমে আপলোড করা সম্ভব হবে না এবং পরবর্তীতে লাইসেন্স নবায়নের ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হবে।

স্বাক্ষর:

শামীম আহমেদ
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী
ফোন নং-০৭২১-৭৭২০৫০ (অফিস)
ইমেইল: dcrajshahi@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৭.১১.০৬৩.১৯.৪৩৫

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৪. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৫. পুলিশ সুপার, রাজশাহী
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানকসম্পদ ব্যবস্থাপনা)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব), রাজশাহী
৭. উপজেলা নির্বাহী অফিসার, তানোর/মোহনপুর/গোদাগাড়ী/বাগমারা/পুঠিয়া/দুর্গাপুর/বাঘা/চারঘাট/পবা/ রাজশাহী (ব্যাপক প্রচারের জন্য)
৮. উপপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, রাজশাহী (ব্যাপক প্রচারের জন্য)
৯. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার রাজশাহী (ব্যাপক প্রচারের জন্য)
১০. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (তাকে গণবিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১১. সভাপতি/সম্পাদক, রাজশাহী মেট্রোপলিটন/সিটি প্রেস ক্লাব, রাজশাহী
১২. কেবল অপারেটর (সকল), রাজশাহী জেলা/মহানগরী (ব্যাপক প্রচারের জন্য)

২৭/০৯/২০২৩
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী